# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৩১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকূ ও সাজদার মাধ্যমে সালাত আদায়কারীর গোনাহসমূহ ঝরে পড়ে

ذِكْرُ تَسَّاقَطِ الْخَطَايَا عَنِ الْمُصَلِّي بِرُكُوعِهِ وَسُجُودِهِ

আরবী

1731 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: سَمِعْتُ مُعَاوِيَةَ بْنَ صَالِحٍ يُحَدِّثُ عَنِ الْعَلَاءِ بْنِ الْحَارِثِ عَنْ زَيْدِ بْنِ أَرْطَاةَ عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ رَأَى فَتًى وَهُوَ يُصَلِّي قَدْ أَطَالَ صَلَاتَهُ وَأَطْنَبَ فِيهَا فَقَالَ مَنْ يعرفُ هَذَا؟ فَقَالَ رَجُلٌ: أَنَا فَقَالَ عَبْدُ اللَّهِ: لَوْ كُنْتُ أَعْرِفُهُ لَأَمَرْتُهُ أَنْ يُطِيلَ الرُّكُوعَ وَالسُّجُودَ فَإِنِّي سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّ الْعَبْدَ إِذَا قَامَ يُصَلِّي أُتي بِذُنُوبِهِ فوُضعت عَلَى رَأْسِهِ أَوْ عَاتِقِهِ فَكُلَّمَا رَكَعَ أَوْ سَجَدَ تَسَاقَطَتْ عَنْهُ)

الراوي : عَبْد اللَّهِ بْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1731 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ لكن من حديث عبد الله بن عمر ـ ((الصحيحة)) (1398).

বাংলা

১৭৩১. জুবাইর বিন নুফাইর থেকে বর্ণিত, তিনি বলেন, আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা এক যুবককে সালাত আদায় করতে দেখলেন, তিনি খুবই দীর্ঘ করে সালাত আদায় করছিলেন। তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, “এই ব্যক্তিকে কে চেনেন?” এক ব্যক্তি জবাব দেন, “আমি চিনি।” আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, “আমি যদি তাকে চিনতাম, তবে তাকে রুকূ‘ ও সাজদা আরো দীর্ঘ করার নির্দেশ দিতাম। কেননা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যখন কোন বান্দা সালাত আদায় করার জন্য দন্ডায়মান হয়, তখন তার পাপসমূহকে আনা হয় এবং তা তার মাথার উপর অথবা গর্দানের উপর রাখা হয়, অতঃপর যখন সে রুকূ‘ করে অথবা সাজদা করে, তখন পাপগুলো তার উপর থেকে পড়ে যায়!”[1]

## ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৩/১০; বাগাবী, শারহুস সুন্নাহ:৬৫৬; আবূ নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ৬/৯৯-১০০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ : ১৩৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জুবায়র ইবন নুফায়র (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90947

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন